# বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

# ভূমিকা

শিক্ষার্থী প্রাথমিক শিক্ষা সম্পন্ন করার পর শিশুরা বৌদ্ধধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধের মহাজীবন এবং ত্রিরত্ন ও ত্রিশরণের প্রতি পূর্ণ আস্থা ও বিশ্বাসসহ কাঙ্খিত জ্ঞান এবং আধুনিক চিন্তা-চেতনায় উদ্বুদ্ধ হবে। ধর্ম বিষয় পাঠের মাধ্যমে ধর্ম কী তা যেমন জানতে পারবে তেমনি স্ব স্ব ধর্মের আলোকে প্রকৃতি-পরিবেশ, তথ্য-প্রযুক্তি, বিজ্ঞান-মনস্কতা, নৈতিক আচার-আচরণ ও মূল্যবোধ অর্জনের জন্যও উদ্বুদ্ধ হবে। সেদিকে সুদৃষ্টি রেখেই বৌদ্ধধর্ম বিষয়ের শিক্ষাক্রম পরিমার্জন কাজ সম্পন্ন করা হয়েছে।

পরিমার্জিত শিক্ষাক্রমে মোট পনেরটি বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা নির্ধারণ করা হয়। বর্তমানে প্রচলিত শিক্ষাক্রমের উদ্দেশ্য পুনর্নির্ধারণ করা হয়েছে। অনেক ক্ষেত্রে পূর্বের প্রান্তিক যোগ্যতা ঠিক রাখা হলেও জাতীয় চেতনা ও বর্তমান আধুনিক বিজ্ঞান-মনষ্কতা ও বিশ্বজনীনতার আলোকে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতারও পরিমার্জন করা হয়েছে।

এ ক্ষেত্রে পাঁচটি বিষয় প্রাধান্য পেয়েছে: যেমন- প্রথমত: ধর্মের প্রতি শিশুর আস্থা ও প্রগাঢ় শ্রদ্ধা জাগিয়ে তোলা; দ্বিতীয়ত: নৈতিক ও ধর্মীয় মূল্যবোধে শিশুর জীবন গঠনে পরিশীলিত জীবনচর্চার আচরণিক পরিবর্তনে সহায়তা করা; তৃতীয়ত: ধর্মীয় ও সামাজিক দায়িত্ব-কর্তব্যবোধ, সাম্প্রদায়িক সম্প্রীতি, সহাবস্থান, সৌভ্রাতৃত্ববোধসহ পরমতসহিষ্ণুতা এবং অহিংসা, মৈত্রী ও বিশ্বজনীনতার মনোভাব গড়ে তোলা; চতুর্থত: ধর্মীয় শিক্ষার আলোকে নীতি ও মূল্যবোধের পাশাপাশি স্বাস্থ্য সচেতনতা, আত্মমর্যাদা, দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনা এবং মুক্তবুদ্ধি চর্চাসহ গণতান্ত্রিক ও অসাম্প্রদায়িক চেতনার মনোভাব গড়ে তোলা; পঞ্চমত: বৌদ্ধধর্মের শিক্ষার আলোকে প্রকৃতি ও পরিবেশকে এর জলবায়ু ও জীববৈচিত্র্যসহ জানা এবং তাদেরকে ভালোবাসা, প্রাকৃতিক দুর্যোগে আত্মরক্ষার জন্য সচেতনতা হওয়া।

এ ছাড়া শিক্ষার্থীর বাস্তব জীবনের সঙ্গে সঙ্গতি রেখে আধুনিক বিশ্বে বসবাস করার সুষ্ঠু পরিবেশ সৃষ্টির দিক্-নির্দেশনাও দেওয়া হয়েছে। শিশুর বয়স ও ধারণ ক্ষমতা ইত্যাদির দিক চিন্তা করে ১ম ও ২য় শ্রেণিতে পূর্বের সন্নিবেশিত শ্লোক বা গাথার প্রান্তিক যোগ্যতা বাদ দিয়ে দৈনন্দিন কর্তব্য সম্পর্কে সচেতন করার জন্য 'নিত্যকর্ম' অন্তর্ভুক্ত করা হয়েছে যার প্রভাব জীবনকে প্রতিনিয়ত দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণ হতে সাহায্য করবে। পালি বর্ণমালা পঞ্চম শ্রেণিতে থাকলেও বর্ণমালা ও ভাষা সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করার জন্য বর্তমান চতুর্থ শ্রেণীতেও অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও নবরূপে সংযোজন করা হয়েছে প্রথম শ্রেণিতে প্রধান চার ধর্মের মৌলিক শিক্ষা, দ্বিতীয় শ্রেণিতে ধর্মীয় সম্প্রীতি, তৃতীয় শ্রেণিতে আন্তঃধর্মীয় সম্প্রীতি এবং চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি, ধর্ম ও স্বদেশপ্রেম সম্পর্কিত বিষয়বস্তু।

পরিশেষে বলা যায় প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শিখনফল এবং তারই ধারাবাহিকতায় প্রত্যেক শ্রেণির অর্জন উপযোগী যোগ্যতা ও অন্যান্য দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। এ শিক্ষাক্রমে নীতিবোধ ও সচ্চরিত্র গঠনের মাধ্যমে বিবেকবোধসম্পন্ন আদর্শ মানুষ ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য শিশুদের আধুনিক দৃষ্টিভঙ্গি, মননশীলতা, জ্ঞান, বুদ্ধি ও দৃষ্টিভঙ্গি বিকাশের প্রয়োজনীয়তা অনুভব করেই শ্রেণি উপযোগী শিক্ষাক্রমে শিক্ষামূলক উপদেশ সন্নিবেশ করা হয়েছে।

এছাড়াও রয়েছে বর্তমান বিশ্বদৃষ্টিভঙ্গি ও আধুনিক জীবন যাত্রার সঙ্গে খাপ খাইয়ে চলার বিষয়ভিত্তিক জ্ঞান ও নিদের্শনা। নবসংযোজিত এই শিক্ষাক্রমে শিশুর কোমল মনে সদাচার, সত্যবাদিতা, শিষ্টাচার, নৈতিকতা, সর্বজীবে দয়া, পারস্পরিক সুসম্পর্ক ও শ্রদ্ধাবোধ, দেশপ্রেম ও সৌহার্দপূর্ণ সহাবস্থান প্রভৃতি বিষয়গুলো প্রথিত করার প্রতি বিশেষভাবে জোর দেয়া হয়েছে। আত্মমর্যাদা, আত্মোন্নতি, অসাম্প্রদায়িক মনোভাব, দান, সেবা ও ত্যাগচিত্তে বড় হওয়া এবং পরোপকারমূলক গুণাবলির উৎকর্ষ সাধনে শিক্ষার্থীরা যেন অধিক মনোযোগী হয় এবং সেভাবে তাদের জীবন চলার পথে সক্রিয় ভূমিকা রাখতে পারে সে দিকে দৃষ্টি দেওয়া হয়েছে।

আমরা এও জানি যে, বাংলাদেশের সব বিদ্যালয়ে বৌদ্ধধর্মীয় শিক্ষক তথা বিষয়ভিত্তিক শিক্ষক নেই। ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক হলেও বৌদ্ধ অধ্যুষিত অঞ্চল চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, পটুয়াখালি ও তিন পার্বত্য জেলাসমূহের সব বিদ্যালয়গুলোতে ধর্মীয় শিক্ষকের অপ্রতুলতা রয়েছে। ধর্মাবলম্বী বৌদ্ধ ছাত্র-ছাত্রীরা তথা কোমলমতি শিশু শিক্ষার্থীরা যাতে ধর্মীয় শিক্ষার ক্ষেত্রে কোনো রকম অসুবিধার সম্মুখীন না হয় সেই বিষয়টি মাথায় রেখেই সরল ও সহজবোধ্য ভাষায় পরিমার্জিত এই শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। এতে বিদ্যালয়ের যে কোন শিক্ষক 'বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ে পাঠদান করতে পারবেন বলে মনে করি। মূলত সেদিকে সুদৃষ্টি রেখেই বিষয়বস্তু চয়ন ও বিন্যস্ত করা হয়েছে। আশা করি পরিমার্জিত শিক্ষাক্রম যে কোনো শিক্ষার্থীর পঠন-পাঠন ও জ্ঞানবৃদ্ধিতে যেমন সহায়ক হবে তেমনি এটি তাকে নৈতিক গুণাবলিসম্পন্ন দেশের সুনাগরিক ও দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে উঠতে সহায়তা করবে।

## ২। উদ্দেশ্য :

১) গৌতম বুদ্ধের মহাজীবন সম্পর্কে জানা এবং তাঁর প্রচারিত ধর্ম সম্পর্কে জানতে উৎসাহিত করা।

২) ত্রিরত্নের প্রতি পূর্ণ আস্থা ও প্রগাঢ় শ্রদ্ধাবোধ জাগিয়ে তোলা এবং ত্রিশরণ গ্রহণের দ্বারা সদ্ধর্মের প্রতি আনুগত্য প্রদর্শনে উদ্বুদ্ধ করা।

৩) নিত্যকর্ম সম্পর্কে সম্যক ধারণা লাভ করা এবং ধর্মীয় জীবন যাপনের মাধ্যমে পারিবারিক, সামাজিক ও দায়িত্ব-কর্তব্যবোধে সচেতন করে তোলা।

৪) বন্দনার নিয়ম জানা এবং ত্রিরত্ন, মাতা-পিতা, শিক্ষক ও অন্যান্য গুরুজনের প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনে সচেতন করে তোলা।

৫) পূজার মাহাত্ম অনুধাবন করা, এর মাধ্যমে পুণ্যার্জনে আগ্রহী হওয়া এবং ত্যাগের মনোভাব গড়ে তোলা।

৬) শীল পালনের মাধ্যমে শিশুকে সচ্চরিত্র গঠনে উদ্বুদ্ধ করা এবং সত্যবাদিতা, শিষ্টাচার, জীবে দয়া প্রভৃতি নৈতিক গুণাবলি অর্জনের মাধ্যমে শিশুর সুকুমার বৃত্তির বিকাশ সাধন করা।

৭) বুদ্ধবাণীর আলোকে ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি এবং অসাম্প্রদায়িক চেতনার মনোভাব গড়ে তোলা।

৮) পারস্পরিক সহাবস্থান, সৌভ্রাতৃত্ব, পরমতসহিষ্ণুতাসহ মানবতাবোধ জাগিয়ে তোলা। মুক্তিযুদ্ধ সম্পর্কে জানা এবং দেশপ্রেম ও মুক্তবুদ্ধিচর্চার চেতনায় শিশুকে উদ্বুদ্ধ করা, স্বাধীন শিশুমন তৈরি করার ভাব ও পরিবেশ গড়ে তোলা।

৯) বুদ্ধের বাণীসংবলিত বৌদ্ধদের পবিত্র ধর্মগ্রন্থ ত্রিপিটক সম্পর্কে জানা এবং ত্রিপিটকের ভাষাসহ এর অন্তর্গত গ্রন্থগুলোর পরিচয় জানতে আগ্রহী করে তোলা।

১০) বৌদ্ধধর্মীয় অনুষ্ঠান সম্পর্কে জানা, ধর্মীয় রীতি-নীতি অনুসরণে সচেতন করে তোলা। ধর্মীয় অনুষ্ঠানে অংশ গ্রহণের মাধ্যমে জ্ঞাতি-গোত্র, আত্মীয়-স্বজনের সঙ্গে পরিচয় ও সুসম্পর্ক গড়ে তোলা। তাদের প্রতি শ্রদ্ধা, সম্মান ও সৌজন্যবোধ প্রদর্শনের শিক্ষা জাগিয়ে তোলা।

১১) গাথা আবৃত্তির দ্বারা ধর্মীয় নীতি ও উপদেশমূলক শিক্ষায় আগ্রহী করে তোলা, এগুলোকে উপলব্ধি করে নিজের জীবনকে তৈরি করতে সচেষ্ট হওয়া এবং তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বৌদ্ধ দেশসমূহের ধর্মীয় বিষয়াদির নানা তথ্য সংগ্রহ এবং এগুলো ব্যবহারে শিক্ষার্থীদেরকে জ্ঞানদানসহ ধর্মীয় শিক্ষায় উদ্বুদ্ধ করা।

১২) ধর্মীয় শিক্ষায় বিজ্ঞানমনস্কতা গড়ে তোলা এবং প্রকৃতি ও পরিবেশকে ভালোবাসা ও এদেরকে রক্ষা করার প্রবণতা তৈরি করে তোলা।

১৩) কর্ম ও কর্মফলে বিশ্বাসী হয়ে সতত সদ্‌কর্ম সম্পাদনে আগ্রহী করা এবং আদর্শিক জীবন গঠনে উৎসাহী করে তোলা।

১৪) বৌদ্ধ তীর্থ, মহাতীর্থ ও ঐতিহাসিক স্থান সম্পর্কে জানা। তীর্থ, মহাতীর্থ ও ঐতিহাসিক স্থান পরিদর্শনে উৎসাহী করা এবং বৌদ্ধ কৃষ্টি, সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্যের মূল্যবোধ জাগ্রত করা।

১৫) জাতক পাঠে সদাচার, ন্যায়নিষ্ঠতা, কর্তব্যপরায়ণতা এবং দান, সেবা, ত্যাগ ও পরোপকারে ব্রতী হওয়ার শিক্ষা ও মনোভাব গড়ে তোলা এবং আত্মহিত ও পরহিত সাধনায় নিয়োজিত হওয়ার জন্য সচেতন করে তোলা।

১৬) বুদ্ধ ও বোধিসত্ত্ব সম্পর্কে জানা এবং এঁদের জীবন বৈশিষ্ট্য অনুসরণে জীবন গড়ে তুলতে সচেষ্ট হওয়া।

১৭) বুদ্ধের শিষ্য-প্রশিষ্যদের জীবন ও অবদান সম্পর্কে জানা ও তাঁদের আদর্শ অনুসরণে আগ্রহী করে তোলা।

১৮) পালি বর্ণমালা ও ভাষা সম্পর্কে জানা এবং এ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করা।

## ৩। বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা :

### ১. গৌতম বুদ্ধের মহাজীবন

–গৌতম বুদ্ধের মহাজীবন সম্পর্কে জ্ঞান লাভ করা এবং গুণাবলি অর্জনে উদ্বুদ্ধ হওয়া।

### ২. ত্রিরত্ন ও ত্রিশরণ

– বুদ্ধধর্ম, সংঘকে ত্রিরত্ন বলে। ত্রিশরণের প্রতি পূর্ণ আস্থা, অটল বিশ্বাস ও প্রগাঢ় শ্রদ্ধাবোধ রেখে ধর্মানুরাগী হওয়া, চেতনা ও ধর্মীয়
মূল্যবোধ জাগ্রত করা।

### ৩. বন্দনা ও নিত্যকর্ম

–বন্দনা ও নিত্যকর্ম সম্পাদন সম্পর্কে অবহিত হওয়ার মাধ্যমে গুরুজনের গুণাবলি স্মরণ করা এবং
পারিবারিক ও সামাজিক উন্নয়ন এবং দায়িত্ব-কর্তব্য পালনে আগ্রহ সৃষ্টি করা।

### ৪. পূজা
–পূজার গুরুত্ব অনুধাবন করা এবং দানের দ্বারা ত্যাগের মনোভাব গড়ে তোলা।

### ৫. শীল
–শীল দ্বারা আত্মসংযম, সত্যবাদিতা, শিষ্টাচার, জীবে দয়া, মাদক দ্রব্য বর্জন ইত্যাদি নৈতিক গুণাবলি অর্জনের মাধ্যমে সুকুমার ভিত্তির বিকাশ ঘটানো।

### ৬. ত্রিপিটক পরিচিতি
ত্রিপিটক বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থ। বিনয় সূত্র........... এ তিনভাগে বিভক্ত।
–ত্রিপিটক পরিচিতির মাধ্যমে নিজ ধর্ম গ্রন্থ সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করা।

### ৭. ধর্মীয় অনুষ্ঠান
–ধর্মীয় অনুষ্ঠানের গুরুত্ব অনুধাবন করা এবং এতে অংশগ্রহণের মাধ্যমে জ্ঞাতি, গোত্র ও স্বজন-পরিজনসহ অন্যান্য ধর্মালম্বীর সংগে পারস্পরিক সুসম্পর্ক ও সহ মনোভাব গঠন করা।

### ৮. বৌদ্ধ কর্মবাদ
–কর্মের সুফল ও কুফল সম্পর্কে অবগত হওয়া এবং সকল প্রকার সৎ কর্মে উদ্বুদ্ধ হয়ে আদর্শ জীবন গঠনে অধিক মনোযোগী হওয়া।

### ৯. ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি
–ধর্মীয় ও সামাজিক সম্প্রীতিতে উদ্বুদ্ধ হওয়া এবং আত্মমর্যাদা ও দেশপ্রেম চেতনার মনোভাব গঠন করা এবং অন্যান্য ধর্ম সম্পর্কে জ্ঞান লাভ করা।

### ১০. তীর্থ ও মহাতীর্থ/ঐতিহাসিক স্থান
–তীর্থ ও ঐতিহাসিক স্থানের পরিচিতি, গুরুত্ব, কৃষ্টি, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানা। বৌদ্ধ ঐতিহাসিক স্থান হলো পাহাড়পুরের সোমপুর মহাবিহার, কুমিল্লার ময়নামতির শালবন মহাবিহার নরসিংদীর ওয়ারী বটেশ্বর, বগুড়ার মহাস্থানগড়ের ভাসু বিবাহ প্রভৃতি।

### ১১. জাতক কাহিনী
–জাতক পাঠের মাধ্যমে ধর্মীয় আদর্শ, সততা, সদাচরণ, পরোপকার, ন্যায়নিষ্ঠা ইত্যাদি বিষয়ে জ্ঞান লাভ করা।

### ১২. বুদ্ধ ও বোধিসত্ত্ব
–বুদ্ধ ও বোধিসত্ত্বের বৈশিষ্ট্য এবং উভয়ের গুণাবলির তুলনামূলক পার্থক্য উপলব্ধি করা।

### ১৩. বুদ্ধের শিষ্য-প্রশিষ্য
–বুদ্ধের শিষ্য-প্রশিষ্যের জীবনচরিত পাঠের মাধ্যমে নৈতিকতাসম্পন্ন হয়ে সৎ জীবন গঠনের শিক্ষা অর্জন করা।

### ১৪. প্রকৃতি ও পরিবেশ
–বৌদ্ধধর্মের আলোকে প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে ধারণা লাভ করা এবং পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে যত্নবান হওয়া।

### ১৫. পালি বর্ণমালা ও ভাষা
–পালি বর্ণমালা ও ভাষা সম্পর্কে ধারণা লাভ করা এবং একাধিক ভাষা শিখন ও ব্যবহারে আগ্রহী করে তোলা।

# আবশ্যকীয় শিখনক্রম

## বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
| ১. **গৌতম বুদ্ধের মহাজীবন**<br><br>গৌতম বুদ্ধের মহাজীবন সম্পর্কে জ্ঞান লাভ করা এবং গুণাবলি অর্জনে উদ্বুদ্ধ হওয়া। | ১.১ 'ধর্ম' কী এ সম্পর্কে জানবে এবং তাঁর নিজ ধর্ম ও ধর্ম প্রবর্তকের নাম বলতে পারবে।<br>১.২ সিদ্ধার্থ গৌতমের জন্মস্থান, শৈশব নাম ও তাঁর মাতাপিতার নাম বলতে পারবে।<br>১.৩ রাজকুমার সিদ্ধার্থের জন্ম এবং জন্মের পরবর্তী দুয়েকটি ঘটনা বলতে পারবে। | ১.১ মানবজীবনে ধর্মের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।<br>১.২ রাজকুমার সিদ্ধার্থের কৈশোর জীবন সম্পর্কে বলতে পারবে।<br>১.৩ সিদ্ধার্থ গৌতমের কৈশোর জীবনের দুটি ঘটনা উল্লেখ করতে পারবে।<br>১.৪ সিদ্ধার্থের অধীত কয়েকটি বিদ্যার নাম বলতে পারবে। | ১.১ রাজকুমার সিদ্ধার্থের জন্ম-পরবর্তী দুয়েকটি ঘটনা বলতে পারবে।<br>১.২ সিদ্ধার্থের বাল্যকাল সম্বন্ধে বলতে পারবে।<br>১.৩ সিদ্ধার্থের জীবের প্রতি করুণা প্রদর্শনের কাহিনী বর্ণনা করতে পারবে। | ১.১ সিদ্ধার্থ গৌতমের চারনিমিত্ত দর্শন সম্পর্কে বলতে পারবে।<br>১.২ সিদ্ধার্থের গৃহত্যাগের ঘটনা বলতে পারবে।<br>১.৩ সিদ্ধার্থ গৌতমের কঠোর তপস্যা সম্পর্কে বলতে পারবে।<br>১.৪ গৌতম কেন মধ্যমপথ অবলম্বন করেছিলেন তা বলতে পারবে।<br>১.৫ সিদ্ধার্থ গৌতমের বুদ্ধত্ব লাভ সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১.১ সিদ্ধার্থের বাল্যকাল, গৃহত্যাগ, বুদ্ধত্বলাভ, ও ধর্ম প্রচার সম্পর্কে সংক্ষেপে বলতে পারবে।<br>১.২ বুদ্ধত্ব লাভের পূর্বে তাঁর সংকল্প কী ছিল তা বলতে পারবে।<br>১.৩ সেই সময়কার ধর্মীয় ও সামাজিক অবস্থা বর্ণনা করতে পারবে।<br>১.৪ মহাকারুণিক বুদ্ধের অন্তিম বাণী কী কী বলতে পারবে।<br>১.৫ তাঁর মহাপরিনির্বাণ লাভের ঘটনা বর্ণনা করতে পারবে। |
| ২. **ত্রিশরণ**<br><br>ত্রিরত্নের প্রতি পূর্ণ আস্থা, অটল বিশ্বাস ও প্রগাঢ় শ্রদ্ধাবোধ রেখে ধর্মানুরাগী হওয়া ও ধর্মীয় মূল্যবোধ জাগ্রত করা। | ২.১ ত্রিশরণ কী তা বলতে পারবে।<br>২.২ ত্রিশরণে কার কার শরণ গ্রহণ করতে হয় বলতে পারবে।<br>২.৩ 'শরণ' শব্দের অর্থ জানতে পারবে।<br>২.৪ বুদ্ধ শব্দের অর্থ কী বলতে পারবে।<br>২.৫ ত্রিশরণের প্রতি পূর্ণ আস্থাশীল হতে পারবে। | ২.১ ত্রিশরণের মাধ্যমে বুদ্ধ, ধর্ম ও সংঘের প্রতি পূর্ণ আস্থা ও বিশ্বাস স্থাপন করতে পারবে।<br>২.২ 'ত্রিশরণ' শব্দের অর্থ বলতে পারবে।<br>২.৩ ত্রিশরণ গ্রহণের নিয়মাবলি জানতে পারবে।<br>২.৪ ত্রিশরণ বাংলা গাথায় আবৃত্তি করতে পারবে। | ২.১ শরণাগমন-এর অর্থ বলতে পারবে।<br>২.২ নিয়মিত বুদ্ধ, ধর্ম ও সংঘের শরণ নেবে।<br>২.৩ বুদ্ধ, ধর্ম ও সংঘ সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।<br>২.৪ ত্রিশরণের গুরুত্ব অনুধাবন করতে পারবে।<br>২.৫ ত্রিশরণ পালি ও বাংলায় বলতে পারবে। | ২.১ 'ত্রিরত্ন'-এর অর্থ বলতে পারবে।<br>২.২ ত্রিরত্ন কী- তা ব্যাখ্যাসহ বলতে পারবে।<br>২.৩ বুদ্ধ, ধর্ম ও সংঘের গুণাবলি বলতে পারবে।<br>২.৪ ত্রিরত্ন বন্দনা পালি ও বাংলায় বলতে পারবে।<br>২.৫ ত্রিরত্নের প্রতি প্রগাঢ় শ্রদ্ধাবোধ জাগ্রত করতে পারবে।<br>২.৬ ত্রিরত্ন বন্দনার গুরুত্ব অনুধাবন করতে পারবে। | --------- |

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
| **৩. বন্দনা ও নিত্যকর্ম**<br><br>বন্দনা ও নিত্যকর্ম সম্পাদন সম্পর্কে অবহিত হওয়ার মাধ্যমে গুরুজনের গুণাবলি স্মরণ করা এবং পারিবারিক ও সামাজিক উন্নয়ন এবং দায়িত্ব-কর্তব্য পালনে আগ্রহ সৃষ্টি করা। | ৩.১ ‘ত্রিরত্ন’ শব্দের অর্থ বলতে পারবে।<br>৩.২ ত্রিরত্ন বন্দনা গাথা বাংলায় বলতে পারবে।<br>৩.৩ ত্রিরত্নের প্রতি প্রগাঢ় শ্রদ্ধাবোধ জাগ্রত করতে পারবে।<br>৩.৪ ভোরে ঘুম থেকে ওঠার অভ্যাস গড়ে তুলতে পারবে।<br>৩.৫ সকাল-সন্ধ্যায় ত্রিরত্ন-বন্দনা এবং গুরুজনদের প্রণাম করতে পারবে। | ৩.১ বন্দনার নিয়মাবলি জানবে।<br>৩.২ ভিক্ষু-শ্রামণ, মাতাপিতা ও গুরুজনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পারবে।<br>৩.৩ নিয়মিত বিদ্যালয়ে যাওয়ার অভ্যাস করতে পারবে।<br>৩.৪ প্রতিদিন ধর্মীয় ও শ্রেণিপাঠ সম্পন্ন করতে পারবে।<br>৩.৫ বিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে পারবে।<br>৩.৬ পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে স্বাস্থ্য সচেতন হতে পারবে।<br>৩.৭ যথাসময়ে প্রাতঃকৃত্য সম্পন্ন করতে পারবে। | ৩.১ ‘বন্দনা’ শব্দের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে।<br>৩.২ বন্দনা করার নিয়মাবলি বলতে পারবে।<br>৩.৩ মাতা-পিতা বন্দনা গাথা পালি ও বাংলায় বলতে পারবে।<br>৩.৪ পরিষ্কার-পরিচ্ছন্নতার উপকারিতা বলতে পারবে।<br>৩.৫ ধর্মীয় নীতিবোধের অভ্যাস গঠন করতে পারবে।<br>৩.৬ পারিবারিক ও বিদ্যালয়ের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে পারবে।<br>৩.৭ ‘নিত্যকর্ম’ সম্পর্কে বলতে পারবে। | | ৩.১ মাতাপিতা, শিক্ষক, গুরুজন, আত্মীয়স্বজনকে সম্মান প্রদান এবং ভালোবাসতে আগ্রহী হবে।<br>৩.২ গুরুজনদের গুণাবলি সম্পর্কে জানতে পারবে এবং তাঁদের আদর্শ অনুসরণ করতে পারবে।<br>৩.৩ পারিবারিক ও সামাজিক দায়িত্ব-কর্তব্য পালনে সচেতন হতে শিখবে।<br>৩.৪ ধর্মীয় ও সামাজিক কর্মকাণ্ডে সক্রিয়ভাবে অংশগ্রহণে উৎসাহিত হবে।<br>৩.৫ একতাবদ্ধ হয়ে পারিবারিক ও সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণের অভ্যাস গড়ে তুলতে পারবে। |
| **৪. পূজা**<br><br>পূজার গুরুত্ব অনুধাবন করা এবং দানের দ্বারা ত্যাগের মনোভাব গড়ে তোলা। | ৪.১ পূজা কী বলতে পারবে।<br>৪.২ পূজার উপকরণ কী কী বলতে পারবে।<br>৪.৩ কয়েকটি পূজার নাম বলতে পারবে।<br>৪.৪ আহার পূজা বাংলায় বলতে পারবে। | ৪.১ আহার পূজার উপকরণ কী কী বলতে পারবে।<br>৪.২ আহার পূজার গাথা বাংলায় আবৃত্তি করতে পারবে।<br>৪.৩ পূজা করতে আগ্রহী হবে।<br>৪.৪ পূজার নিয়ম কানুন জানতে পারবে। | ৪.১ পূজার উদ্দেশ্য কী বলতে পারবে।<br>৪.২ পূজার উপকারিতা বলতে পারবে।<br>৪.৩ পুষ্প পূজার গাথা পালি ও বাংলায় বলতে পারবে।<br>৪.৪ পূজার মাধ্যমে ত্যাগ ও উদার মনোভাব গঠন করতে পারবে। | ৪.১ আহার পূজা ও পানীয় পূজা কীভাবে করতে হয় তা বলতে পারবে।<br>৪.২ আহার পূজা ও পানীয় পূজা পালি ও বাংলায় বলতে পারবে।<br>৪.৩ দান কী বলতে পারবে।<br>৪.৪ পূজায় দানচিত্ত গঠন করতে পারবে। | ৪.১ প্রদীপ পূজা ও ধুপ পূজা করার কারণ বলতে পারবে।<br>৪.২ বাংলা অনুবাদসহ প্রদীপ পূজা ও ধুপ পূজা পালিতে বলতে পারবে।<br>৪.৩ দানের অর্থ ব্যাখ্যা করতে পারবে।<br>৪.৪ দানের প্রকারভেদ বলতে পারবে।<br>৪.৫ অষ্টপরিষ্কার দানের উপকরণ সমূহ কী কী বলতে পারবে।<br>৪.৬ অষ্টপরিষ্কার দানের উৎসর্গ মন্ত্র পালি ও বাংলায় আবৃত্তি করতে পারবে। |

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
| ৫. **শীল**<br><br>শীল দ্বারা আত্মসংযম, সত্যবাদিতা, শিষ্টাচার, জীবে দয়া, মাদক.দ্রব্য বর্জন ইত্যাদি নৈতিক গুণাবলি অর্জনের মাধ্যমে সুকুমার বৃত্তির বিকাশ ঘটানো। | ৫.১ 'শীল' শব্দের অর্থ বলতে পারবে।<br>৫.২ পঞ্চশীলে কয়টি নীতি তা বলতে পারবে।<br>৫.৩ পঞ্চশীল প্রার্থনা করতে পারবে।<br>৫.৪ পঞ্চশীল সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।<br>৫.৫ নৈতিক গুণাবলির কয়েকটি নাম উল্লেখ করতে পারবে। | ৫.১ পঞ্চশীল পালিতে বলতে পারবে।<br>৫.২ পঞ্চশীলের বাংলা অনুবাদ বলতে পারবে।<br>৫.৩ নিয়মিত শীল পালন করতে পারবে।<br>৫.৪ নৈতিক গুণাবলি অর্জন করতে পারবে। | ৫.১ শীল কাকে বলে বলতে পারবে।<br>৫.২ শীল গ্রহণের নিয়ম বর্ণনা করতে পারবে।<br>৫.৩ পঞ্চশীল পালিতে প্রার্থনা করতে পারবে।<br>৫.৪ পঞ্চশীল পালি ও বাংলায় বলতে পারবে।<br>৫.৫ পঞ্চশীল পালনের উপকারিতা জানতে পারবে। | ৫.১ শীল পালনের গুরুত্ব বলতে পারবে।<br>৫.২ উপোসথ কী বলতে পারবে।<br>৫.৩ অষ্টশীল প্রার্থনা পালি ও বাংলায় বলতে পারবে।<br>৫.৪ অষ্টশীল পালি ও বাংলায় বলতে পারবে।<br>৫.৫ পঞ্চশীল ও অষ্টশীলের পার্থক্য বলতে পারবে। | ৫.১ গৃহীশীল ও শ্রামণ্যশীলের পার্থক্য বলতে পারবে।<br>৫.২ দশশীল প্রার্থনা পালি ও বাংলায় বলতে পারবে।<br>৫.৩ দশশীল পালি ও বাংলায় উল্লেখ করতে পারবে।<br>৫.৪ শীল পালনের সুফল বর্ণনা করতে পারবে।<br>৫.৫ ধর্মীয় নীতিবোধের মাধ্যমে প্রকৃতি ও পরিবেশকে ভালোবাসতে শিখবে।<br>৫.৬ প্রকৃতি ও পরিবেশ রক্ষায় নিজেকে সর্বদা প্রস্তুত রাখবে। |
| ৬. **ত্রিপিটক পরিচিতি**<br><br>ত্রিপিটক পরিচিতির মাধ্যমে নিজ ধর্ম গ্রন্থ সম্পর্কে জ্ঞান লাভ করা। | ৬.১ বৌদ্ধ ধর্মগ্রন্থের নাম বলতে পারবে।<br>৬.২ 'পিটক' শব্দের অর্থ বলতে পারবে।<br>৬.৩ ত্রিপিটকের মূল ভাষা কী তা বলতে পারবে। | ৬.১ ত্রিপিটক কী বলতে পারবে।<br>৬.২ ত্রিপিটক পাঠে কী হয় বলতে পারবে।<br>৬.৪ ত্রিপিটকের তিনটি বিভাগ কী কী বলতে পারবে। | ৬.১ ত্রিপিটকের সংক্ষিপ্ত ধারণা ব্যক্ত করতে পারবে।<br>৬.২ বিনয় পিটক সম্পর্কে বলতে পারবে।<br>৬.৩ বিনয় পিটকের গ্রন্থগুলোর নাম বলতে পারবে। | ৬.১ ত্রিপিটক সঙ্কলন সম্পর্কে বলতে পারবে।<br>৬.২ সূত্র পিটক কী তা বলতে পারবে।<br>৬.৩ সূত্র পিটকের পাঁচটি নিকায়ের নাম বলতে পারবে।<br>৬.৪ খুদ্দক নিকায়ের গ্রন্থগুলোর নাম উল্লেখ করতে পারবে। | ৬.১ অভিধর্ম কী তা বলতে পারবে।<br>৬.২ অভিধর্ম পিটককে সপ্ত প্রকরণ বলা হয় কেন তা বলতে পারবে।<br>৬.৩ অভিধর্ম পিটকের গ্রন্থগুলোর নাম বলতে পারবে।<br>৬.৪ অভিধর্ম পিটকের বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা করতে পারবে। |
| ৭. **ধর্মীয় অনুষ্ঠান**<br><br>ধর্মীয় অনুষ্ঠানের গুরুত্ব অনুধাবন করা এবং এতে অংশগ্রহণের মাধ্যমে জ্ঞাতি, গোত্র ও স্বজন-পরিজনের সংগে সুসম্পর্কের মনোভাব গঠন করা। | ৭.১ কয়েকটি ধর্মীয় অনুষ্ঠানের নাম বলতে পারবে।<br>৭.২ কয়েকটি পূর্ণিমার নাম বলতে পারবে।<br>৭.৩ বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসবের নাম বলতে পারবে। | ৭.১ বৌদ্ধদের তিনটি পূর্ণিমার পরিচিতি বলতে পারবে।<br>৭.২ পূর্ণিমায় বৌদ্ধ বিহারে যাবার অভ্যাস গড়ে তুলতে পারবে।<br>৭.৩ পূর্ণিমা অনুষ্ঠানে গিয়ে কী কী করতে হয় তা বলতে পারবে।<br>৭.৪ জ্ঞাতি-পরিজনের সাথে সুসম্পর্ক রক্ষা করার মনোভাব তৈরি করতে পারবে। | ৭.১ ধর্মীয় অনুষ্ঠান সম্পর্কে বলতে পারবে।<br>৭.২ কোন কোন পূর্ণিমায় বৌদ্ধ ধর্মীয় অনুষ্ঠান পালিত হয় তা বলতে পারবে।<br>৭.৩ বৌদ্ধদের চারটি পূর্ণিমার সংক্ষিপ্ত বিবরণ দিতে পারবে।<br>৭.৪ পূর্ণিমা ও ধর্মীয় অনুষ্ঠানগুলোতে জ্ঞাতি গোত্র ও আত্মীয় স্বজনদের সাথে মেলা মেশার সুযোগ লাভে আগ্রহী হতে পারবে। | ৭.১ চারটি পূর্ণিমার বর্ণনা দিতে পারবে।<br>৭.২ বুদ্ধ পূর্ণিমার উল্লেখযোগ্য ঘটনা বর্ণনা করতে পারবে।<br>৭.৩ পূর্ণিমাগুলোর গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৭.৪ আত্মীয়-স্বজন ও সমাজের অন্যান্য লোকদের সঙ্গে ভাব বিনিময়ের মনোভাব গড়ে তুলতে এবং এর উপকারিতা সম্পর্কে জানতে পারবে। | ৭.১ বৌদ্ধধর্মীয় অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে।<br>৭.২ সংঘদানের বর্ণনা দিতে পারবে।<br>৭.৩ প্রবারণা উৎসবের বর্ণনা দিতে পারবে।<br>৭.৪ প্রব্রজ্যা ও উপসম্পদা কী তা বলতে পারবে। |

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | **প্রথম** | **দ্বিতীয়** | **তৃতীয়** | **চতুর্থ** | **পঞ্চম** |
| ৮. **বৌদ্ধ কর্মবাদ**<br>কর্মের সুফল ও কুফল সম্পর্কে অবগত হওয়া এবং সকল প্রকার সদ্ কর্মে উদ্বুদ্ধ হওয়া ও আদর্শিক জীবন গঠনে অধিক মনোযোগী হওয়া। | ৮.১ ভালো কর্ম কোনগুলো তা বলতে পারবে।<br>৮.২ মন্দ কর্ম থেকে বিরত থাকার অভ্যাস গঠন করতে পারবে।<br>৮.৩ ভালো কর্মের প্রতি অধিক মনোযোগী হবে।<br>৮.৪ কয়েকটি সদ্‌কর্মের নাম বলতে পারবে। | ৮.১ সদ্‌কর্ম ও মন্দ কর্ম সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।<br>৮.২ সদ্‌কর্মের সুফল বলতে পারবে।<br>৮.৩ মন্দ কর্মের কুফল জেনে তা থেকে বিরত থাকতে পারবে।<br>৮.৪ স্দ্‌কর্মের প্রতি অধিক আগ্রহী হবে। | ৮.১ কর্ম সম্পর্কে বলতে পারবে।<br>৮.২ কুশল কর্ম ও অকুশল কর্মের পার্থক্য বলতে পারবে।<br>৮.৩ কয়েকটি কুশল কর্ম চিহ্নিত করতে পারবে।<br>৮.৪ সদকর্মের মাধ্যমে আদর্শ জীবন গঠনের মনোভাব তৈরি করতে পারবে। | ৮.১ কুশল কর্ম কী উদাহরণসহ ব্যাখ্যা করতে পারবে।<br>৮.২ অকুশল কর্মের উদাহরণ দিতে পারবে।<br>৮.৩ কুশল কর্ম ও অকুশল কর্মের ফলাফল বর্ণনা করতে পারবে।<br>৮.৫ পাপকর্ম থেকে বিরত থাকতে পারবে।<br>৮.৪ পুণ্যকর্ম সম্পাদনে অধিক আগ্রহী হতে পারবে। | ৮.১ কর্মবাদ কী তা বলতে পারবে।<br>৮.২ বৌদ্ধ কর্মবাদ সম্পর্কে বুদ্ধের কয়েকটি উপদেশ বলতে পারবে।<br>৮.৩ কুশল কর্ম ও অকুশল কর্মের ফল বিষয়ক দুটি কাহিনী বলতে পারবে।<br>৮.৪ কুশল কর্মের প্রতি অধিক উদ্বুদ্ধ হয়ে ধর্মীয় ও আদর্শ জীবন যাপন গঠন করতে পারবে। |
| ৯. **ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি**<br>ধর্মীয় ও সামাজিক সম্প্রীতিতে উদ্বুদ্ধ হওয়া এবং আত্মমর্যাদা ও দেশপ্রেম চেতনার মনোভাব গঠন করা। মানবাধিকার, আন্তর্জাতিকতাবোধ ও সৌভ্রাতৃত্ববোধে উদ্বুদ্ধ হওয়া। | ৯.১ বাংলাদেশের চারটি প্রধান ধর্মের নাম জানতে পারবে।<br>৯.২ চারটি প্রধান ধর্ম প্রবর্তকের নাম বলতে পারবে।<br>৯.৩ চারটি প্রধান ধর্মীয় গ্রন্থের নাম বলতে পারবে। | ৯.১ সকল ধর্মের মানুষকে শ্রদ্ধা ও ভালোবাসতে শিখবে।<br>৯.২ সকলে মিলে মিশে বাস করতে উৎসাহী হবে।<br>৯.৩ 'সম্প্রীতি' শব্দের অর্থ জানতে পারবে।<br>৯.৪ সকলের সাথে সৌভ্রাতৃত্ববোধে উদ্বুদ্ধ হতে শিখবে। | ৯.১ ধর্মীয় সম্প্রীতি কী জানতে পারবে।<br>৯.২ পারস্পরিক সহযোগিতা ও মিলে মিশে কাজ করার মনোভাব সৃষ্টি হবে।<br>৯.৩ অহিংসা ও মৈত্রী শব্দের অর্থ বলতে পারবে।<br>৯.৪ সহনশীলতা ও ত্যাগের মনোভাব গড়ে তুলতে পারবে।<br>৯.৫ সম্প্রীতির প্রয়োজনীয়তা অনুধাবন করতে পারবে। | ৯.১ ধর্মীয় সহনশীলতা ও ত্যাগের গুণাগুণ জানতে পারবে।<br>৯.২ ধর্মীয়, সামাজিক ও অসাম্প্রদায়িক চেতনার ধারণা লাভ করতে পারবে।<br>৯.৩ নিজ দেশকে জানতে এবং ভালোবাসতে পারবে।<br>৯.৪ মুক্তবুদ্ধি ও গণতান্ত্রিক চিন্তা চেতনায় উদ্বুদ্ধ হতে পারবে।<br>৯.৫ মানবাধিকার কী জানতে পারবে। | ৯.১ আত্মমর্যাদা ও সর্বজনীনতা কী জানতে পারবে।<br>৯.২ মানবিক গুণাবলি সম্পর্কে জানতে পারবে।<br>৯.৩ ধর্মীয় ও সামাজিক কর্মকাণ্ডে নিজকে সম্পৃক্ত করার সুযোগ পাবে।<br>৯.৪ দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হতে পারবে।<br>৯.৫ কয়েকজন বৌদ্ধ মুক্তিযোদ্ধার নাম বলতে পারবে।<br>৯.৬ আন্তর্জাতিকতা বিষয়ে ধারণা লাভ করবে। |

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
| **১০. তীর্থ ও মহাতীর্থ/ ঐতিহাসিক স্থান**<br><br>তীর্থ, মহাতীর্থ ও ঐতিহাসিক স্থানের পরিচিতি, গুরুত্ব, কৃষ্টি, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানা। | --- | --- | ১০.১ তীর্থস্থান কী বলতে পারবে।<br>১০.২ কয়েকটি তীর্থস্থানের নাম বলতে পারবে।<br>১০.৩ চার মহাতীর্থের পরিচয় দিতে পারবে।<br>১০.৪ ঐতিহাসিক স্থানসমূহের নাম বলতে পারবে। | ১০.১ তীর্থ ও মহাতীর্থের পার্থক্য বলতে পারবে।<br>১০.২ তীর্থস্থানের গুরুত্ব বলতে পারবে।<br>১০.৩ চারটি তীর্থস্থানের অবস্থান ও গুরুত্ব বলতে পারবে।<br>১০.৪ বৌদ্ধ ইতিহাস ও ঐতিহ্যানুরাগী হওয়ার প্রেরণা জাগ্রত করতে পারবে। | ১০.১ দেশের ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানতে পারবে।<br>১০.২ দেশের ঐতিহ্য-সংস্কৃতি সংরক্ষণে যত্নবান হতে শিখবে।<br>১০.৩ বৌদ্ধ ঐতিহাসিক স্থানের গুরুত্ব তুলে ধরতে পারবে।<br>১০.৪ ছয়টি বৌদ্ধ ঐতিহাসিক স্থানের বিবরণ দিতে পারবে। |
| **১১. জাতক কাহিনী**<br><br>জাতক পাঠের মাধ্যমে ধর্মীয় আদর্শ, সততা, সদাচরণ, পরোপকার, ন্যায়নিষ্ঠা ইত্যাদি বিষয়ে জ্ঞান লাভ করা। | | | ১১.১ 'জাতক' শব্দের অর্থ বলতে পারবে।<br>১১.২ জাতক পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে বলতে পারবে।<br>১১.৩ তিনটি জাতকের কাহিনী বলতে পারবে।<br>১১.৪ জাতক কাহিনীগুলোর উপদেশ মেনে চলতে পারবে। | ১১.১ জাতক পাঠের গুরুত্ব ব্যাখ্যা করে বলতে পারবে।<br>১১.২ পাঁচটি জাতকের কাহিনী বলতে পারবে।<br>১১.৩ জাতক কাহিনীগুলোর সদ্ উপদেশ মেনে চলতে পারবে। | ১১.১ জাতক পাঠের উদ্দেশ্য বলতে পারবে।<br>১১.২ পাঁচটি জাতকের কাহিন বলতে পারবে।<br>১১.৩ জাতকের মূল উপদেশসমূহ বলতে পারবে।<br>১১.৪ জাতক সাহিত্যের প্রভাব ব্যাখ্যা করতে পারবে। |
| **১২. বুদ্ধ ও বোধিসত্ত্ব**<br><br>বুদ্ধ ও বোধিসত্ত্বের বৈশিষ্ট্য এবং গুণাবলির তুলনামূলক ধারণা লাভ করা। | --- | --- | ১২.১ 'বোধিসত্ত্ব' কাকে বলে বলতে পারবে।<br>১২.২ 'বুদ্ধ' শব্দের অর্থ বলতে পারবে।<br>১২.৩ বুদ্ধের প্রকারভেদ বলতে পারবে।<br>১২.৪ বোধিসত্ত্ব জীবনে পারমীর গুরুত্ব বর্ণনা করতে পারবে।<br>১২.৫ বুদ্ধ ও বোধিসত্ত্বের পার্থক্য বলতে পারবে।<br>১২.৬ বোধিসত্ত্ব জীবনের বৈশিষ্ট্য বলতে পারবে।<br>১২.৭ বোধিসত্ত্ব জীবনে কী কী পারমি পূরণ করতে হয় তা উল্লেখ করতে পারবে। | | |

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
| ১৩. **বুদ্ধের শিষ্য-প্রশিষ্য**<br>বুদ্ধের শিষ্য-প্রশিষ্যের জীবনচরিত ও তাঁদের অবদান সম্পর্কে জানা এবং সৎ জীবন গঠনের শিক্ষা অর্জন করা। | --- | --- | ১৩.১ গৌতম বুদ্ধের কয়েকজন শিষ্য-প্রশিষ্যের নাম বলতে পারবে।<br>১৩.২ বুদ্ধের প্রধান সেবকের নাম বলতে পারবে।<br>১৩.৩ বুদ্ধের সেবকসহ দুইজন শিষ্যের জীবনচরিত সংক্ষেপে বর্ণনা করতে পারবে। | ১৩.১ বুদ্ধের অগ্রশ্রাবক ও অগ্রশ্রাবিকার নাম জানতে পারবে।<br>১৩.২ গৌতম বুদ্ধের চারজন শিষ্য-প্রশিষ্যের জীবন কাহিনী সংক্ষেপে বর্ণনা করতে পারবে।<br>১৩.৩ তাঁদের অবদান সম্পর্কে জানতে পারবে। | ১৩.১ শ্রাবক শিষ্য ও গৃহীশিষ্যদের নাম এবং তাঁদের পার্থক্য উল্লেখ করতে পারবে।<br>১৩.৩ বুদ্ধের পাঁচজন শিষ্য-প্রশিষ্যের জীবনচরিত বর্ণনা করতে পারবে।<br>১৩.৪ তাঁদের অবদান সম্পর্কে ব্যাখ্যা করে বলতে পারবে। |
| ১৪. **প্রকৃতি ও পরিবেশ**<br>বৌদ্ধধর্মের আলোকে প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে ধারণা লাভ করা।<br>প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার সহজ কৌশল জানা | | | | ১৪.১ বৌদ্ধধর্মের আলোকে প্রকৃতি ও পরিবেশ কী বলতে পারবে।<br>১৪.২ প্রকৃতি ও পরিবেশকে রক্ষা ও ভালোবাসতে শিখবে।<br>১৪.৩ প্রকৃতি ও পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে যত্নবান হতে পারবে।<br>১৪.৪ কয়েকটি ভেষজ বৃক্ষের নাম বলতে পারবে।<br>১৪.৫ ফলদ বৃক্ষের গুণাগুণ সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।<br>১৪.৬ প্রাণী ও জীব বৈচিত্র্যের ভারসাম্য রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে পারবে।<br>১৪.৭ প্রাকৃতিক দুর্যোগ মোবাকেলার সহজ কৌশল সম্পর্কে ধারণা লাভ করতে পাারবে। | |
| ১৫. **পালি বর্ণমালা ও ভাষা**<br>পালি বর্ণমালা ও ভাষা সম্পর্কে ধারণা লাভ করা। | | | | ১৫.১ পালি বর্ণমালার প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।<br>১৫.২ পালি বর্ণমালা কয়টি ও কী কী বলতে পারবে।<br>১৫.৩ পালি স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ সম্পর্কে ধারণা লাভ করবে।<br>১৫.৪ 'পালি' শব্দের সাধারণ অর্থ বলতে পারবে। | ১৫.১ পালি ভাষার উৎস বলতে পারবে।<br>১৫.২ পালি বর্ণের সাহায্যে শব্দ গঠন করতে পারবে।<br>১৫.৩ কয়েকটি পালি ও বাংলা শব্দের মিল খুঁজে বের করতে পারবে।<br>১৫.৪ পালি শব্দের প্রয়োগ সম্পর্কে জানতে পারবে। |

# বিস্তৃত শিক্ষাক্রম
# বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা
# প্রথম শ্রেণি

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১. গৌতম বুদ্ধের মহাজীবন সম্পর্কে জ্ঞান লাভ করা এবং গুণাবলি অর্জনে উদ্বুদ্ধ হওয়া। | ১.১ 'ধর্ম' কী এ সম্পর্কে জানবে এবং তার নিজ ধর্ম ও ধর্ম প্রবর্তকের নাম বলতে পারবে।<br>১.২ সিদ্ধার্থ গৌতমের জন্মস্থান, শৈশব নাম ও তাঁর মাতাপিতার নাম বলতে পারবে।<br>১.৩ রাজকুমার সিদ্ধার্থের জন্ম এবং জন্মের পরবর্তী দুয়েকটি ঘটনা বলতে পারবে। | ১.১.১ ধর্ম সম্পর্কে বলতে পারবে।<br>১.১.২ নিজ ধর্মের নাম বলতে পারবে।<br>১.১.৩ নিজ ধর্মের প্রবর্তকের নাম বলতে পারবে।<br>১.২.১ সিদ্ধার্থের জন্মস্থানের নাম উল্লেখ করতে পারবে।<br>১.২.২ গৌতম বুদ্ধের শৈশব নাম বলতে পারবে।<br>১.২.৩ রাজকুমার সিদ্ধার্থের মাতা-পিতার নাম বলতে পারবে।<br>১.৩.১ রাজকুমার সিদ্ধার্থের জন্ম সম্পর্কে বলতে পারবে।<br>১.৩.২ রাজকুমার সিদ্ধার্থের জন্মের পরবর্তী দু'টি ঘটনা বলতে পারবে। | রাজকুমার সিদ্ধার্থ | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে রাজকুমার সিদ্ধার্থের শৈশবের ছবি আঁকবে/বর্ণনা দিতে চেষ্টা করবে। | রাজকুমার সিদ্ধার্থের জন্ম পরবর্তী সময়ের নাতিদীর্ঘ কাহিনী সংযোজন করতে হবে এবং কাহিনী সংশ্লিষ্ট অন্তত একটি ছবি অংকন করার ব্যবস্থা থাকতে হবে। |
| ২. ত্রিরত্নের প্রতি পূর্ণ আস্থা, অটল বিশ্বাস ও প্রগাঢ় শ্রদ্ধাবোধ রেখে ধর্মানুরাগী হওয়া ও ধর্মীয় মূল্যবোধ জাগ্রত করা। | ২.১ ত্রিশরণ কী তা বলতে পারবে।<br>২.২ ত্রিশরণে কার কার শরণ গ্রহণ করতে হয় বলতে পারবে।<br>২.৩ 'শরণ' শব্দের অর্থ জানতে পারবে।<br>২.৪ বুদ্ধ শব্দের অর্থ কী বলতে পারবে।<br>২.৫ ত্রিশরণের প্রতি পূর্ণ আস্থাশীল হতে পারবে। | ২.১.১ ত্রিশরণ কী বলতে পারবে।<br>২.১.২ ত্রিশরণ কেন গ্রহণ করতে হয় বলতে পারবে।<br>২.২.১ ত্রিশরণে কার কার শরণ নিতে হয় বলতে পারবে।<br>২.৩.১ শরণ শব্দের অর্থ বলতে পারবে।<br>২.৪.১ বুদ্ধ শব্দের অর্থ বলতে পারবে।<br>২.৫.১ ত্রিশরণ পালি ও বাংলায় শুদ্ধরূপে বলতে ও লিখতে পারবে।<br>২.৫.২ ত্রিশরণের প্রতি পূর্ণ আস্থাশীল হবে। | ত্রিশরণ | শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা ত্রিশরণ গাথা আবৃত্তি করতে পারবে। | ত্রিরত্নের সংক্ষিপ্ত বর্ণনাসহ ত্রিশরণ গ্রহণের একটি ছবি সংযোজন করতে হবে। |
| ৩. বন্দনা ও নিত্যকর্ম সম্পাদন সম্পর্কে অবহিত হওয়ার মাধ্যমে গুরুজনের গুণাবলি স্মরণ করা এবং পারিবারিক ও সামাজিক উন্নয়ন এবং দায়িত্ব -কর্তব্য পালনে আগ্রহ সৃষ্টি করা। | ৩.১ 'ত্রিরত্ন' শব্দের অর্থ বলতে পারবে।<br>৩.২ ত্রিরত্ন বন্দনা গাথা বাংলায় বলতে পারবে।<br>৩.৩ ত্রিরত্নের প্রতি প্রগাঢ় শ্রদ্ধাবোধ জাগ্রত করতে পারবে।<br>৩.৪ শিশু ভোরে ঘুম থেকে ওঠার অভ্যাস গড়ে তুলতে পারবে।<br>৩.৫ সকাল-সন্ধ্যায় ত্রিরত্ন বন্দনা এবং গুরুজনদের প্রণাম করতে পারবে। | ৩.১.১ ত্রিরত্ন শব্দের অর্থ বলতে পারবে।<br>৩.২.১ বন্দনা শব্দের অর্থ বলতে পারবে।<br>৩.২.২ বন্দনা কখন করা হয় বলতে পারবে।<br>৩.২.৩ কখন কখন ত্রিরত্ন বন্দনা করতে হয় বলতে পারবে।<br>৩.২.৪ ত্রিরত্ন বন্দনা পালি ও বাংলায় আবৃত্তি করতে পারবে।<br>৩.৩.১ ত্রিরত্নের প্রতি শ্রদ্ধাশীল হবে।<br>৩.৪.১ প্রতিদিন ভোরে ঘুম থেকে ওঠার অভ্যাস করবে।<br>৩.৪.২ দাঁত, হাত-মুখ, পা ধৌত করার অভ্যাস করবে।<br>৩.৫.১ সকাল-সন্ধ্যা ত্রিরত্ন বন্দনা করতে পারবে।<br>৩.৫.২ গুরুজনদের প্রণাম করতে শিখবে। | প্রাতঃকৃত্য ও বন্দনা | শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা পরিষ্কার পরিচ্ছন্ন থাকবে এবং নিত্যকর্মের একটি শ্রেণিকক্ষে করে দেখাবে এবং ত্রিরত্ন বন্দনা গাথা পালি ও বাংলায় আবৃত্তি করে দেখাবে। | পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা থাকবে এবং এ সংক্রান্ত কোনো ছবি থাকা বাঞ্ছনীয়। |

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৪. পূজার গুরুত্ব অনুধাবন করা এবং দানের দ্বারা ত্যাগের মনোভাব গড়ে তোলা। | ৪.১ পূজা কী বলতে পারবে।<br>৪.২ পূজার উপকরণ কী কী বলতে পারবে।<br>৪.৩ কয়েকটি পূজার নাম বলতে পারবে।<br>৪.৪ আহার পূজা বাংলায় বলতে পারবে। | ৪.১.১ পূজা কী বলতে পাারবে।<br>৪.১.২ পূজা করার নিয়মাবলি বলতে পারবে।<br>৪.২.১ কয়েকটি পূজার নাম বলতে পারবে।<br>৪.২.২ আহার পূজার ৩/৪টি উপকরণের নাম বলতে পারবে।<br>৪.৩.১ যে কোন একটি পূজার গাথা আবৃত্তি করতে পারবে।<br>৪.৪.১ আহার পূজার গাথাটি বাংলায় বলতে পারবে।<br>৪.৪.২ নিয়মিত পূজা করার অভ্যাস গঠন করতে পারবে। | পূজা | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে একটি পূজার উপকরণ দেখাবে এবং ওই পূজার গাথা শ্রেণীকক্ষে আবৃত্তি করবে। | আহার পূজার বর্ণনাসহ নিয়মাবলি উল্লেখ থাকবে এবং উপকরণসহ পূজার একটি ছবি থাকতে হবে। |
| ৫. শীল দ্বারা আত্মসংযম, সত্যবাদিতা, শিষ্টাচার, জীবে দয়া, মাদকদ্রব্য বর্জন ইত্যাদি নৈতিক গুণাবলি অর্জনের মাধ্যমে সুকুমার বৃত্তিসমূহের বিকাশ ঘটানো। | ৫.১ ‘শীল’ শব্দের অর্থ বলতে পারবে।<br>৫.২ পঞ্চশীলে কয়টি নীতি তা বলতে পারবে।<br>৫.৩ পঞ্চশীল প্রার্থনা করতে পারবে।<br>৫.৪ পঞ্চশীল সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।<br>৫.৫ নৈতিক গুণাবলির কয়েকটি নাম উল্লেখ করতে পারবে। | ৫.১.১ শীল শব্দের অর্থ বলতে পারবে।<br>৫.২.১ গৃহী বৌদ্ধরা নিয়মিত কোন শীল গ্রহণ করে বলতে পারবে।<br>৫.২.২ পঞ্চশীলের কয়টি নীতি বলতে পারবে।<br>৫.৩.১ পঞ্চশীল পালিতে প্রার্থনা করতে পারবে।<br>৫.৩.২ কমপক্ষে দু'টি শীল মুখস্থ বলতে পারবে।<br>৫.৪.১ পঞ্চশীল সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।<br>৫.৪.২ শীল পালনের গুরুত্ব উপলব্ধি করতে পারবে।<br>৫.৫.১ নৈতিক গুণাবলির কয়েকটি নাম বলতে পারবে।<br>৫.৫.২ শীলের গুণাগুণের ভিত্তিতে জীবন গঠন করতে শিখবে। | শীল | শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা যে কোনো দুটি শীলের অর্থ বলতে চেষ্টা করবে। | শীল গ্রহণের নিয়মাবলি সংক্ষেপে বর্ণনাসহ একটি ছবি সংযোজিত থাকতে হবে। |
| ৬. ত্রিপিটক পরিচিতির মাধ্যমে নিজ ধর্মগ্রন্থ সম্পর্কে জ্ঞান লাভ করা। | ৬.১ বৌদ্ধ ধর্মগ্রন্থের নাম বলতে পারবে।<br>৬.২ ‘পিটক’ শব্দের অর্থ বলতে পারবে।<br>৬.৩ ত্রিপিটকের মূল ভাষা কী তা বলতে পারবে। | ৬.১.১ বৌদ্ধদের ধর্মগ্রন্থের নাম বলতে পারবে।<br>৬.১.২ ত্রিপিটক কয়টি অংশে বিভক্ত বলতে পারবে।<br>৬.২.১ পিটক শব্দের অর্থ বলতে পারবে।<br>৬.২.২ সুত্ত পিটক কী বলতে পারবে।<br>৬.৩.১ ত্রিপিটকের মূল ভাষা কী বলতে পারবে।<br>৬.৩.২ ত্রিপিটক পাঠের উপকারিতা বলতে পারবে। | ত্রিপিটক পরিচিতি | শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা বৌদ্ধধর্মগ্রন্থের নাম, পিটক শব্দের অর্থ শুদ্ধভাবে উচ্চারণ করতে পারবে। | বৌদ্ধ ধর্মগ্রন্থ ত্রিপিটকের সাধারণ আলোচনা থাকবে। |
| ৭. কর্মের সুফল ও কুফল সম্পর্কে অবগত হওয়া এবং সকল প্রকার সৎ কর্মে উদ্বুদ্ধ হওয়া ও আদর্শিক জীবন গঠনে অধিক মনোযোগী হওয়া। | ৭.১ ভালো কর্ম কোনগুলো তা বলতে পারবে।<br>৭.২ মন্দ কর্ম থেকে বিরত থাকার অভ্যাস গঠন করতে পারবে।<br>৭.৩ ভাল কর্মের প্রতি অধিক মনোযোগী হবে।<br>৭.৪ কয়েকটি সদ্‌কর্মের নাম বলতে পারবে। | ৭.১.১ কর্মের অর্থ বলতে পারবে।<br>৭.১.২ কয়েকটি ভালো কর্মের নাম বলতে পারবে।<br>৭.২.১ তিন-চারটি মন্দ কর্মের উদাহরণ দিতে পারবে।<br>৭.২.২ মন্দ কর্ম থেকে বিরত থাকার অভ্যাস গঠন করতে পারবে।<br>৭.৩.১ ভালো কর্মের প্রতি অধিক মনোযোগী হতে শিখবে।<br>৭.৩.২ প্রাত্যাহিক জীবনে অন্তত একটি ভালো কর্ম করতে চেষ্টা করবে।<br>৭.৪.১ কয়েকটি সদ কর্মের নাম বলতে পারবে।<br>৭.৪.২ সদ কর্ম ও মন্দ কর্মের পার্থক্য বলতে পারবে। | কর্ম | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে দু-তিনটি ভালো কর্মের নাম বলবে এবং মন্দ কর্মের দু-একটি খারাপ দিক সম্পর্কে বলতে চেষ্টা করবে। | ভালো কর্মের ধারণাসমূহ উদাহরণে উল্লেখ থাকবে এবং যেকোনো মন্দ কর্ম থেকে বিরত থাকার পরামর্শ থাকবে। |

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৮. ধর্মীয় ও সামাজিক সম্প্রীতিতে উদ্বুদ্ধ হওয়া এবং আত্মমর্যাদা ও দেশপ্রেম চেতনার মনোভাব গঠন করা। | ৮.১ বাংলাদেশের চারটি প্রধান ধর্মের নাম জানতে পারবে।<br>৮.২ চারটি প্রধান ধর্ম প্রবর্তকের নাম বলতে পারবে।<br>৮.৩ চারটি প্রধান ধর্মীয় গ্রন্থের নাম বলতে পারবে। | ৮.১.১ বাংলাদেশের চারটি প্রধান ধর্মের নাম বলতে পারবে।<br>৮.১.২ অন্য ধর্মাবলম্বী দুইজন বন্ধুর নাম বলতে পারবে।<br>৮.২.১ ইসলাম, হিন্দু ও খ্রিস্টান ধর্মের প্রবর্তকের নাম বলতে পারবে।<br>৮.২.২ অন্য ধর্মাবম্বি শিশু/বন্ধুদের সাথে মিলেমিশে থাকতে পারবে।<br>৮.৩.১ চারটি প্রধান ধর্মীয় গ্রন্থের নাম বলতে পারবে।<br>৮.৩.২ অন্যান্য ধর্ম সম্পর্কে জানার মাধ্যমে মৈত্রী ও ভালোবাসা জাগ্রত করতে পারবে। | বাংলাদেশে প্রচলিত ধর্মমত | শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা বাংলাদেশের প্রধান চারটি ধর্মের নাম বলবে এবং প্রধান চারজন ধর্মপ্রবর্তকের নাম বলবে। | প্রধান চারটি ধর্মের প্রবর্তকদের নাম উল্লেখ করতে হবে এবং ওইসব ধর্মাবলম্বীদের ধর্মকর্ম সম্পাদনের কিছু কিছু বর্ণনা থাকবে। |
| ৯. ধর্মীয় অনুষ্ঠানের গুরুত্ব অনুধাবন করা এবং এতে অংশগ্রহণের মাধ্যমে জ্ঞাতি, গোত্র ও স্বজন-পরিজনের সংগে সুসম্পর্কের মনোভাব গঠন করা। | ৯.১ কয়েকটি ধর্মীয় অনুষ্ঠানের নাম বলতে পারবে।<br>৯.২ কয়েকটি পূর্ণিমার নাম বলতে পারবে।<br>৯.৩ বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসবের নাম বলতে পারবে। | ৯.১.১ কয়েকটি ধর্মীয় অনুষ্ঠানের নাম বলতে পারবে।<br>৯.১.২ ধর্মীয় অনুষ্ঠানের মাধ্যমে একে অপরের সাথে পরিচিত হতে পারবে।<br>৯.২.১ কয়েকটি পূর্ণিমার নাম বলতে পারবে।<br>৯.২.২ কোন পূর্ণিমায় বুদ্ধ পূর্ণিমা অনুষ্ঠিত হয় বলতে পারবে।<br>৯.২.৩ কাদের সাথে পূর্ণিমা অনুষ্ঠানে যাওয়া যায় বলতে পারবে।<br>৯.৩.১ বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসবের নাম বলতে পারবে।<br>৯.৩.২ ধর্মীয় উৎসবে অংশগ্রহণে আগ্রহী হবে। | ধর্মীয় অনুষ্ঠান | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে দু-তিনটি ধর্মীয় অনুষ্ঠানের নাম, প্রধান পূর্ণিমার নাম বলবে এবং নিকট আত্মীয়ের নাম ও সম্পর্ক তালিকাকারে খাতায় লিখবে। | কমপক্ষে তিনটি উল্লেখযোগ্য পূর্ণিমার সংক্ষিপ্ত বর্ণনা দিতে হবে। পূর্ণিমা অনুষ্ঠানে যোগদান বিষয়ে নির্দেশনা থাকবে। |

# বিস্তৃত শিক্ষাক্রম
# বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা
# দ্বিতীয় শ্রেণি

| বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১. গৌতম বুদ্ধের মহাজীবন সম্পর্কে জ্ঞানলাভ করা এবং গুণাবলি অর্জনে উদ্বুদ্ধ হওয়া। | ১.১ মানবজীবনে ধর্মের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।<br>১.২ রাজকুমার সিদ্ধার্থের কৈশোর জীবন সম্পর্কে বলতে পারবে।<br>১.৩ সিদ্ধার্থ গৌতমের কৈশোর জীবনের দুটি ঘটনা উল্লেখ করতে পারবে।<br>১.৪ সিদ্ধার্থের অধীত কয়েকটি বিদ্যার নাম বলতে পারবে। | ১.১.১ ধর্মের প্রয়োজনীয়তা কী বলতে পারবে।<br>১.২.১ সিদ্ধার্থ গৌতমের কৈশোর জীবন বর্ণনা করতে পারবে।<br>১.৩.১ সিদ্ধার্থ গৌতমের কৈশোর জীবনের দুটি উল্লেখযোগ্য ঘটনা বলতে পারবে।<br>১.৪.১ সিদ্ধার্থ কোন কোন বিদ্যা-অর্জন করেন তা বলতে পারবে। | সিদ্ধার্থ গৌতম | সিদ্ধার্থের জীবনের একটি ঘটনাবহুল ছবি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে আঁকবে। | সিদ্ধার্থ গৌতমের জন্মের পর ঋষি অমিতের ভবিষ্যদ্বাণীর উল্লেখ থাকবে এবং এ সংক্রান্ত ছবি সংযোজন করতে হবে। |
| ২. ত্রিরত্ন ও ত্রিশরণের প্রতি পূর্ণ আস্থা, অটল বিশ্বাস ও প্রগাঢ় শ্রদ্ধাবোধ রেখে ধর্মানুরাগী হওয়া ও ধর্মীয় মূল্যাবোধ জাগ্রত করা। | ২.১ ত্রিরত্নের মাধ্যমে বুদ্ধ, ধর্ম ও সংঘের প্রতি পূর্ণ আস্থা ও বিশ্বাস স্থাপন করতে পারবে।<br>২.২ 'ত্রিশরণ' শব্দের অর্থ বলতে পারবে।<br>২.৩ ত্রিশরণ গ্রহণের নিয়মাবলি জানতে পারবে।<br>২.৪ ত্রিশরণ বাংলা গাথায় আবৃত্তি করতে পারবে। | ২.১.১ ত্রিরত্ন কী কী বলতে পারবে।<br>২.১.২ ত্রিরত্নকে বন্দনা বলতে পারবে।<br>২.১.৩ ত্রিরত্নকে বন্দনা পালি ও বাংলায় আবৃত্তি করতে পারবে।<br>২.১.৪ ত্রিরত্নের মাধ্যমে বুদ্ধ ধর্ম ও সংঘের প্রতি আস্থাশীল হবে।<br>২.২.১ ত্রিশরণ শব্দের অর্থ বলতে পারবে।<br>২.২.২ ত্রিশরণ গ্রহণের নিয়ম অনুসরণ করতে পারবে।<br>২.২.৩ ত্রিশরণ গ্রহণ করতে পারবে।<br>২.২.৪ ত্রিশরণে কার কার শরণ নিতে হয় বলতে পারবে।<br>২.২.৫ ত্রিশরণ গ্রহণ দ্বারা বুদ্ধ, ধর্ম ও সংঘের প্রতি পূর্ণ আস্থা জ্ঞাপন করতে পারবে।<br>২.৩.১ ত্রিশরণ পালিতে বলতে পারবে।<br>২.৩.২ ত্রিশরণ বাংলায় আবৃত্তি করতে পারবে। | ত্রিশরণ | ত্রিশরণ গ্রহণের নিয়ম শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে বলবে। ত্রিরত্ন বন্দনা গাথা আবৃত্তি করবে এবং বাড়িতে নিয়মিত বন্দনা করে দেখাতে পারবে। | ত্রিশরণ সংক্রান্ত বর্ণনা গ্রহণের নিয়মাবলির উল্লেখ থাকবে। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৩. বন্দনা ও নিত্যকর্ম সম্পাদন সম্পর্কে অবহিত হওয়ার মাধ্যমে গুরুজনের গুণাবলি স্মরণ করা। পারিবারিক ও সামাজিক উন্নয়ন এবং দায়িত্ব -কর্তব্য পালনে আগ্রহ সৃষ্টি করা। | ৩.১ বন্দনার নিয়মাবলি জানবে।<br>৩.২ ভিক্ষু-শ্রামণ, মাতাপিতা ও গুরুজনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে পারবে।<br>৩.৩ নিয়মিত বিদ্যালয়ে যাওয়ার অভ্যাস করতে পারবে।<br>৩.৪ প্রতিদিন ধর্মীয় ও শ্রেণিপাঠ সম্পন্ন করতে পারবে।<br>৩.৫ বিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে পারবে।<br>৩.৬ পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে স্বাস্থ্য সচেতন হতে পারবে।<br>৩.৭ যথাসময়ে প্রাতঃকৃত্য সম্পন্ন করতে পারবে। | ৩.১.১ বন্দনা শব্দের অর্থ বলতে পারবে।<br>৩.১.২ বন্দনার নিয়ম বলতে পারবে।<br>৩.২.১ ভিক্ষু, শ্রামণের প্রতি শ্রদ্ধা জানাবে।<br>৩.২.২ মাতাপিতা ও গুরুজনের প্রতি শ্রদ্ধা জানাবে।<br>৩.৩.১ নিয়মিত বিদ্যালয়ে যাবে।<br>৩.৪.১ নিয়মিত শ্রেণিপাঠ তৈরি করতে পারবে।<br>৩.৫.১ বিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা মেনে চলবে।<br>৩.৬.১ শারীরিক পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখবে।<br>৩.৭.১ প্রাতঃকৃত্য সম্পর্কে জানবে ও যথাসময়ে প্রাতঃকৃত্য সম্পন্ন করবে। | নিত্যকর্ম ও বন্দনা | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে কয়েকটি নিত্যকর্মের নাম বলবে এবং যে কোনো দু-তিনটি সুফল বলবে। পরিষ্কার-পরিচ্ছন্নতার করণীয় দিক বলতে পারবে। | দৈনন্দিন জীবনে শিশুদের করণীয় বিষয়াদির উল্লেখ করে সেগুলো প্রতিপালনের নির্দেশনা থাকবে। |
| ৪. পূজার গুরুত্ব অনুধাবন করা এবং দানের দ্বারা ত্যাগের মনোভাব গড়ে তোলা। | ৪.১ আহার পূজার উপকরণ কী কী বলতে পারবে।<br>৪.২ আহার পূজার গাথা বাংলায় আবৃত্তি করতে পারবে।<br>৪.৩ পূজা করতে আগ্রহী হবে।<br>৪.৪ পূজার নিয়ম-কানুন জানতে পারবে। | ৪.১.১ পূজা কী বলতে পারবে।<br>৪.১.২ আহার পূজার বিভিন্ন উপকরণ সম্পর্কে বলতে পারবে।<br>৪.২.১ আহার পূজার গাথা বাংলায় আবৃত্তি করতে পারবে।<br>৪.৩.১ বাড়িতে নিয়মিত আহার পূজা করতে পারবে।<br>৪.৪.১ কোন পূজা কখন করতে হয় বলতে পারবে।<br>৪.৪.২ আহার পূজার মাধ্যমে মানব সেবায় উদ্বুদ্ধ হতে পারবে। | আহার পূজা | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে আহার পূজার উপকরণ দেখাবে এবং আহার পূজার পালি ও বাংলা গাথা আবৃত্তি করে শোনাবে। | দৈনন্দিন জীবনে শিশুদের করণীয় বিষয়াদির উল্লেখ করে সেগুলো প্রতিপালনের নির্দেশনা থাকবে। |
| ৫. শীল দ্বারা আত্মসংযম, সত্যবাদিতা, শিষ্টাচার, জীবে দয়া, মাদকদ্রব্য বর্জন ইত্যাদি নৈতিক গুণাবলি অর্জনের মাধ্যমে সুকুমার বৃত্তির বিকাশ ঘটানো। | ৫.১ পঞ্চশীল পালিতে বলতে পারবে।<br>৫.২ পঞ্চশীলের বাংলা অনুবাদ বলতে পারবে।<br>৫.৩ নিয়মিত শীল পালন করতে পারবে।<br>৫.৪ নৈতিক গুণাবলি অর্জন করতে পারবে। | ৫.১.১ পঞ্চশীল কী কী পালিতে বলতে পারবে।<br>৫.২.১ পঞ্চশীল বাংলা অনুবাদ বলতে পারবে।<br>৫.৩.১ পঞ্চশীল নিয়মিত পালন করতে পারবে।<br>৫.৪.১ পঞ্চশীল পালন দ্বারা সচ্চরিত্র গঠন করতে পারবে।<br>৫.৪.২ পঞ্চশীল পালন দ্বারা সত্যবাদিতা জীবে দয়া ইত্যাদি গুণাবলি অর্জন করতে পারবে। | শীল | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে পালিতে পঞ্চশীল বলবে এবং পঞ্চশীলের অর্থ বাংলায় বলতে চেষ্টা করবে। | শীল সংক্রান্ত বর্ণনাসমূহ শীল গ্রহণের নিয়মাবলির বর্ণনা থাকবে এবং তৎসংশ্লিষ্ট একটি ছবি থাকবে। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কন শিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৬. ত্রিপিটক পরিচিতির মাধ্যমে নিজ ধর্ম-গ্রন্থ সম্পর্কে জ্ঞান লাভ করা। | ৬.১ ত্রিপিটক কী বলতে পারবে।<br>৬.২ ত্রিপিটক পাঠে কী হয় বলতে পারবে।<br>৬.৪ ত্রিপিটকের তিনটি বিভাগ কী কী বলতে পারবে। | ৬.১.১ ত্রিপিটক শব্দের অর্থ বলতে পারবে।<br>৬.১.২ তিনটি পিটকের নাম উল্লেখ করতে পারবে।<br>৬.২.১ ত্রিপিটক পাঠের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবে।<br>৬.৩.১ ত্রিপিটকের অন্তর্গত একটি গ্রন্থ সংগ্রহ করতে পারবে।<br>৬.৩.২ সংগৃহীত গ্রন্থটির দুটি গাথা মুখস্থ করতে পারবে।<br>৬.৩.৩ গাথার উপদেশ মেনে চলতে পারবে। | ত্রিপিটক | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে শ্রেণি বিভাগ উল্লেখ করে ত্রিপিটকের নাম লিখবে এবং ত্রিপিটকের অন্তর্গত তিনটি গাথার উপদেশ বলবে। | ত্রিপিটকের শ্রেণিবিভাগ থাকবে এবং প্রত্যেক পিটকের বিষয়বস্তু সংক্ষিপ্ত বর্ণনা দিতে হবে। |
| ৭. কর্মের সুফল ও কুফল সম্পর্কে অবগত হওয়া এবং সকল প্রকার সদ্ কর্মে উদ্বুদ্ধ হওয়া ও আদর্শিক জীবন গঠনে অধিক মনোযোগী হওয়া। | ৭.১ সদ্ কর্ম ও মন্দ কর্ম সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।<br>৭.২ সদ্ কর্মের সুফল বলতে পারবে।<br>৭.৩ মন্দ কর্মের কুফল জেনে তা থেকে বিরত থাকতে পারবে।<br>৭.৪ সদ্ কর্মের প্রতি অধিক আগ্রহী হবে। | ৭.১.১ সদ্কর্ম ও মন্দ কর্ম কী বলতে পারবে।<br>৭.১.২ শিশু ভালো ও মন্দ কর্মের পার্থক্য বুঝতে পারবে।<br>৭.২.১ সদকর্মের সুফল বর্ণনা করতে পারবে।<br>৭.৩.১ দু-একটি মন্দ কর্মের নাম উল্লেখ করবে।<br>৭.৩.২ মন্দ কর্ম থেকে বিরত থাকতে পারবে।<br>৭.৪.১ দুটি ভালো কর্মের নাম উল্লেখ করে তদানুযায়ী কর্ম সম্পাদন করতে পারবে। | কর্ম | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে ভালো ও মন্দ কর্মের পার্থক্য বলবে এবং মন্দ কর্মের তিনটি ফল সম্পর্কে বলবে। | উদাহরণসমূহে ভালো কর্মের সুফলের উল্লেখ থাকবে এবং মন্দ কর্ম করা থেকে বিরত থাকার নির্দেশনা থাকবে। |
| ৮. ধর্মীয় অনুষ্ঠানের গুরুত্ব অনুধাবন করা এবং এতে অংশগ্রহণের মাধ্যমে জ্ঞাতি, গোত্র ও স্বজন-পরিজনের সংগে সুসম্পর্কের মনোভাব গঠন করা। | ৮.১ বৌদ্ধদের তিনটি পূর্ণিমার পরিচিতি বলতে পারবে।<br>৮.২ পূর্ণিমায় বৌদ্ধ বিহারে যাবার অভ্যাস গড়ে তুলতে পারবে।<br>৮.৩ পূর্ণিমা অনুষ্ঠানে গিয়ে কী কী করতে হয় তা বলতে পারবে।<br>৮.৪ জ্ঞাতি-পরিজনের সাথে সুসম্পর্ক রক্ষা করার মনোভাব তৈরি করতে পারবে। | ৮.১.১ তিনটি পূর্ণিমার নাম বলতে পারবে।<br>৮.১.২ যে কোনো একটি পূর্ণিমার বর্ণনা দিতে পারবে।<br>৮.১.২ যে কোনো পূর্ণিমায় বিহারে যেতে পারবে।<br>৮.৩.১ পূর্ণিমা অনুষ্ঠান সম্পর্কে জানবে।<br>৮.৩.২ পূর্ণিমার অনুষ্ঠানে কী কী করতে হয় তা বলতে পারবে।<br>৮.৪.১ বিহারে গিয়ে বন্ধু বান্ধব ও আত্মীয় স্বজনের সাথে ধর্মীয় রীতি-নীতি অনুসরণ করবে।<br>৮.৪.১ জ্ঞাতি-পরিজনের সাথে সুসম্পর্ক তৈরি করবে। | ধর্মীয় উৎসব | শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে প্রধান পূর্ণিমার গুরুত্ব বলতে চেষ্টা করবে এবং বিহারে গিয়ে কীভাবে ধর্মীয় রীতি-নীতি অনুসরণ করে তা বলবে। | পাঁচটি পূর্ণিমার বিবরণ থাকবে এবং পূর্ণিমা অনুষ্ঠান পালন সংক্রান্ত একটি ছবি থাকবে। |
